

এক নজরে আশ্রয়ণ প্রকল্প, লালমনিরহাট

মুজিব শতবর্ষে ‘বাংলাদেশের একজন মানুষও গৃহহীন থাকবেনা’ মাননীয় প্রধানমন্ত্রীর এ উদ্যোগটি বাস্তবায়নের জন্য আশ্রয়ণ-২ প্রকল্প হতে ২০২০-২০২১ অর্থ বছরে ভূমিহীন ও গৃহহীন পরিবারকে গৃহ ও ২ শতাংশ জমি প্রদান কার্যক্রম গ্রহণ করা হয়।

বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে কম খরচে ১ম পর্যায়ে প্রতিটি ঘর নির্মাণে মাত্র ১,৭১,০০০/- টাকা ব্যয় করা হয়েছে।

সারা দেশের ন্যায় লালমনিরহাট জেলাতেও মাননীয় প্রধানমন্ত্রীর এ প্রকল্প বাস্তবায়নে সর্বোচ্চ গুরুত্ব দেয়া হয়। তদানুযায়ী ১ম পর্যায়ে নিম্নে উল্লিখিত উপজেলাওয়ারী গত ২০ জানুয়ারি ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী গৃহ ও জমি প্রদান কার্যক্রমের উদ্বোধনের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসন করা হয়েছে।

১ম পর্যায় গৃহ নির্মাণ ও পুনর্বাসন কার্যক্রম সম্পন্নের পর একই উদ্যোগে ঘরের ডিজাইনের কিছুটা পরিবর্তন এনে ১,৯০,০০০/- টাকায় (প্রতিটি ঘরের বিপরীতে) ২য় পর্যায়ে গৃহ ও জমি প্রদানের কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এ জেলায় নিম্নলিখিত উপজেলাওয়ারী গৃহ নির্মাণ কাজ সম্পন্ন করা হয়েছে এবং গত ২০ জুন ২০২১ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী গৃহ ও জমি প্রদান কার্যক্রমের উদ্বোধনের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসন করা হয়েছে।

১ম ও ২য় পর্যায় গৃহ নির্মাণ ও পুনর্বাসন কার্যক্রম সম্পন্নের পর মাননীয় প্রধানমন্ত্রী দেশকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত করার লক্ষ্যে এক অদম্য উদ্যোগ গ্রহণ করেন। তদানুযায়ী পুনরায় ঘরের মজমুদ ডিজাইন প্রস্তুত অন্তে ২,৫৯,৫০০/- টাকা (প্রতিটি ঘরের বিপরীতে) বরাদ্দ প্রদান করে ৩য় পর্যায়ে গৃহ নির্মাণের নির্দেশনা প্রদান করেন। তদানুযায়ী গৃহ নির্মাণ কার্যক্রম বাস্তবায়নের লক্ষ্যে এ জেলায় নিম্নলিখিত উপজেলাওয়ারী গৃহ নির্মাণ করে ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসন করা হয়েছে এবং গত ২৬ এপ্রিল ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী গৃহ ও জমি প্রদান কার্যক্রমের উদ্বোধনের মাধ্যমে ভূমিহীন ও গৃহহীনদের পুনর্বাসন করা হয়েছে।

১ম, ২য়, ৩য় পর্যায় গৃহ নির্মাণ ও পুনর্বাসন কার্যক্রম সম্পন্নের পর বৈশ্বিক অর্থনীতি বিবেচনা করে এবং ঘরে ডিজাইন সংশোধন অন্তে (গ্রেড ভীম সংযুক্ত করে) ৪র্থ পর্যায়ে গৃহনির্মাণের জন্য (প্রতিটি ঘরের বিপরীতে) ২,৮৪,৫০০/- টাকা হারে বরাদ্দ প্রদান করা হয়। তদানুযায়ী এ জেলায় নিম্নলিখিত উপজেলাওয়ারী গৃহ নির্মাণ কার্যক্রম চলমান রয়েছে।

লালমনিরহাট জেলার 'ক' শ্রেণীর ভূমিহীন ও গৃহহীনের তথ্য

উপজেলার নাম	হালনাগাদকৃত ভূমিহীন ও গৃহহীন পরিবারের সংখ্যা	১ম, ২য় ও ৩য় পর্যায়ে পুনর্বাসিত পরিবার সংখ্যা	৪র্থ পর্যায়ে পুনর্বাসিতব্য পরিবার সংখ্যা	অবশিষ্ট 'ক' শ্রেণীর গৃহহীন ও ভূমিহীন পরিবারের সংখ্যা (নির্মাণাধীন)	মন্তব্য
লালমনিরহাট সদর	৭৫১	৫৪২ (১৬টি গৃহ উদ্বোধন হয়নি)	২৭+১৬ (৩য় পর্যায়ের ১৬টিসহ)	১৮২	আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে অবশিষ্ট ঘর নির্মাণ কাজ সম্পন্ন করণের পরিকল্পনা রয়েছে
আদিতমারী	৬৮২	৫৮৫	৭৫	২২	
কালীগঞ্জ	৮৭৩	৬২৫	১৬৮	৮০	
হাতীবান্ধা	১২০৫	৯৩৫+৩=৯৩৮ (৩টি ঘর উপজেলা পরিষদের অর্থায়নে নির্মাণ করা হয়েছে)	২১০	৫৭	
পাটগ্রাম	৪৮৩	৩৯০	৯৩	--	
মোট=	৩৯৯৪	৩০৮০	৫৮৯	৩৪১	

জেলায় আর কোনো ভূমিহীন ও গৃহহীন পাওয়া না গেলে মাননীয় মন্ত্রী, সংসদ সদস্যবৃন্দ, মেয়রদ্বয়, উপজেলা চেয়ারম্যানবৃন্দ, ইউনিয়ন পরিষদের চেয়ারম্যানবৃন্দ ও বিভিন্ন পর্যায়ের জনপ্রতিনিধিসহ সাংবাদিক, সুশীল সমাজের ব্যক্তিবর্গের সাথে আলোচনাক্রমে আগামী ৩০ জুন ২০২৩ তারিখের মধ্যে লালমনিরহাট জেলাকে ভূমিহীন ও গৃহহীন মুক্ত ঘোষণার পরিকল্পনা রয়েছে

